



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**Bangladesh Open University**

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।



## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শুদ্ধাচার কমিটির ৭ম সভার কার্যবিবরণী

২৪.০২.১৪২৮ বঙ্গাব্দ, ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাওবি) এর শুদ্ধাচার কমিটির ৭ম সভা ২৪.০২.২০২২ তারিখ সকাল ১০.০০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর মোস্তফা আজাদ কামাল এবং সভাপতি, শুদ্ধাচার কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ড. মহাঘ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ২। প্রফেসর ডা. সরকার মো: নোমান, ডিন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রফেসর ড. সাদিয়া আফরোজ সুলতানা, অধ্যাপক (পদার্থ বিদ্যা), ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৪। ড. এ.এইচ. এম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, এসএসএস বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৫। এমএস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল), বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।
- ৬। ড. মো: জাকিরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

সভার শুরুতে শুদ্ধাচার কমিটির সভাপতি প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুসারে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য-সচিব নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল)-কে নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয়ের নির্দেশনামতে, উক্ত কমিটির সদস্য-সচিব সভার অলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

### সভার আলোচনা এবং সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত
১.	শুদ্ধাচার কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুসমর্থন	১৪.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কমিটির সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা হয়	আলোচনাতে ৬ষ্ঠ সভার কার্যবিবরণী অনুসমর্থন করা হল।
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের 'শুদ্ধাচার পুরক্ষার প্রদান নীতিমালা (সংশোধিত) ২০২১' বাস্তবায়নের গাইড- লাইন চূড়ান্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনাতে এ বিষয়ে কর্মকর্তাদের নিয়ে একটি অবহিতকরণসভা আহবান করার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের 'শুদ্ধাচার পুরক্ষার প্রদান নীতিমালা (সংশোধিত) ২০২১' বাস্তবায়নের গাইড-লাইন চূড়ান্তকরণ এবং কর্তৃপক্ষের অনুমোদনের পর সকলকে অবগত করে বাস্তবায়নের জন্য বাওবির সকল ডিন, পরিচালক/বিভাগীয় প্রধান এবং আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে একটি অবহিতকরণসভা আহবান করার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়	

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	ভবিষ্যৎ পরিকল্পনা/ সিদ্ধান্ত
	বাস্তবায়নের গাইড-লাইন চূড়ান্তকরণের বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	দুর্নীতি প্রতিরোধ আইন বাস্তবায়নের গাইডলাইন চূড়ান্তকরণের বিষয়ে বিভাগিত আলোচনা হয় এবং এ বিষয়ে সকলের মতামতসমূহ বিবেচনায় নিয়ে প্রস্তুতকৃত গাইডলাইনটি সংশোধন ও পরিমার্জনের সুপারিশ করা হয়।	দুর্নীতি প্রতিরোধ আইন বাস্তবায়নের গাইডলাইন সংশোধন ও পরিমার্জন করে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৪.	একাউন্টিবিলিটি নিশ্চিত করার জন্য সেমিনার করার বিষয়ে বিভাগিত আলোচনা হয়।	একাউন্টিবিলিটি নিশ্চিত করার জন্য সেমিনার করার বিষয়ে বিভাগিত আলোচনা হয়।	একাউন্টিবিলিটি নিশ্চিত করার জন্য ‘শুন্দাচার: স্বচ্ছতা ও জৰাবদিহিতা’ বিষয়ে ২৮.০২.২০২২ তারিখে রাত ৮.০০টায় জুমের মাধ্যমে সেমিনার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ওয়েবিনার-এ মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখার যুগ্ম সচিব জনাব মো: মামুনুর রশীদ ভুঞ্চাকে রিসোর্স পারসন হিসেবে আমত্রণ জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। জুম ওয়েবিনার-এ বাউবির সকল ডিন, পরিচালক/বিভাগীয় প্রধান, সকল শিক্ষক, কর্মকর্তা, আঞ্চলিক পরিচালক ও উপ-আঞ্চলিক কেন্দ্র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Mukt  
২৭/০২/২০২২  
নাজনীন আখতার  
যুগ্ম-পরিচালক (কাউন্সিল)  
ও  
সদস্য-সচিব, শুন্দাচার কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

  
অধ্যাপক মোস্তফা আজাদ কামাল  
ট্রেজারার ও ডিন, স্কুল অব বিজনেস  
এবং  
সভাপতি, শুন্দাচার কমিটি  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।